**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা।**

# সংবাদ গতিধারা

**ঢাকা, সোমবার ২৪ আগস্ট ২০১৫, ৯ ভাদ্র ১৪২২**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। সন্ত্রাসের বিরুদ্ধে মুসলিম দেশগুলোকে ঐক্যবদ্ধ হতে হবে : প্রধানমন্ত্রী
২। টাইম স্কেল ও সিলেকশন গ্রেড পরিবর্তন করে পে-স্কেল উঠবে মন্ত্রিসভায় : অর্থমন্ত্রী
৩। মাদ্রাসাগুলোতে বিজ্ঞান প্রযুক্তিও পড়ানো হবে : শিক্ষামন্ত্রী
৪। সাইবার আইন না হওয়া পর্যন্ত আইসিটি আইনই থাকবে : তথ্যমন্ত্রী
৫। আইনশৃঙ্খলার হুমকি হলে জিরো টলারেন্স : আইজিপি
৬। চিকিৎসার জন্য লন্ডনের উদ্দেশে রাষ্ট্রপতির ঢাকা ত্যাগ
৭। জঙ্গি অর্থায়নে স্বীকারোক্তি তিন আইনজীবীর
৮। জাপান-বাংলাদেশে আরও বিনিয়োগে আগ্রহী
৯। হযরত শাহজালাল (রহ.) আন্তর্জাতিক বিমানবন্দরে দুই কোটি টাকার ওষুধ জব্দ
১০। ভূমির প্রতিটি ধাপে দুর্নীতি ঃ টিআইবির গবেষণা প্রতিবেদন
১১। উত্তরাঞ্চলে বন্যা পরিস্থিতির অবনতি ঃ বিপদসীমার উপরে নদ-নদীর পানি

চলমান পাতা/২

১। সন্ত্রাসের বিরুদ্ধে মুসলিম দেশগুলোকে ঐক্যবদ্ধ হতে হবে : প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী শেখ হাসিনা সন্ত্রাসবাদের বিরুদ্ধে ঐক্যবদ্ধ হওয়ার এবং অভিন্ন অবস্থান গ্রহণের জন্য মুসলিম দেশগুলোর প্রতি আহ্বান জানিয়েছেন। অর্গানাইজেশন অব ইসলামিক কনফারেন্স'র (ওআইসি) মহাসচিব আইয়াদ আমিন মাদানী গতকাল ২৩ আগস্ট রোববার প্রধানমন্ত্রীর সঙ্গে তাঁর কার্যালয়ে সৌজন্য সাক্ষাৎ করতে গেলে তিনি এ আহ্বান জানান। সূত্র-ইত্তেফাক (পৃ.১,ক.৬), জনকণ্ঠ (পৃ.১,ক.২), প্রথম আলো (পৃ.২,ক.২)।

২। টাইম স্কেল ও সিলেকশন গ্রেড পরিবর্তন করে পে-স্কেল উঠবে মন্ত্রিসভায় : অর্থমন্ত্রী

টাইম স্কেল ও সিলেকশন গ্রেড পরিবর্তন করার পর মন্ত্রিসভায় পে-স্কেল উত্থাপন করা হবে বলে জানিয়েছেন অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত। গতকাল ২৩ আগস্ট রোববার সন্ধ্যায় অর্থ মন্ত্রণালয়ে আন্তর্জাতিক মুদ্রা তহবিলের (আইএমএফ) নির্বাহী পরিচালক রাকেশ মোহন ও যুক্তরাজ্যের আন্তর্জাতিক প্রতিমন্ত্রী ডেসমন্ড অ্যাঙ্গাস সোয়ানি টিডির নেতৃত্বাধীন প্রতিনিধি দলের সঙ্গে সাক্ষাৎ শেষে সাংবাদিকদের এ কথা জানান তিনি। সূত্র-ইনকিলাব (শেষ পৃ.,ক.৩), জনকণ্ঠ (পৃ.১,ক.৪), ডেইলি স্টার (শেষ পৃ.,ক.২)। ফিনানসিয়াল এক্সপ্রেস, নিউজ টুডে এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

৩। মাদ্রাসাগুলোতে বিজ্ঞান প্রযুক্তিও পড়ানো হবে : শিক্ষামন্ত্রী

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন, ইসলামী আরবি বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত মাদ্রাসাগুলোতে আধুনিক বিজ্ঞান প্রযুক্তির বিষয়গুলো পড়ানো হবে। যেন এখান থেকে ডিগ্রিধারীরা বিজ্ঞ আলেম হওয়ার পাশাপাশি দক্ষ প্রযুক্তিবিদও হতে পারেন। গতকাল ২৩ আগস্ট রোববার ঢাকার ধানমন্ডিতে বিশ্ববিদ্যালয়টির অস্থায়ী ক্যাম্পাস পরিদর্শন শেষে আলোচনা সভায় তিনি এ কথা বলেন। সূত্র-সমকাল (পৃ.১৯,ক.৪), যুগান্তর (পৃ.৩,ক.৬), ডেইলি সান (পৃ.৩,ক.২)।

৪। সাইবার আইন না হওয়া পর্যন্ত আইসিটি আইনই থাকবে : তথ্যমন্ত্রী

যারা তথ্য প্রযুক্তি (আইসিটি) আইনের ৫৭ ধারার সমালোচনা করেন তারা এর অস্পষ্টতা সম্পর্কে কোনো ব্যাখ্যা দেন না তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু এ অভিমত ব্যক্ত করেছেন। তার দাবি, ওই ধারায় কোনো অস্পষ্টতা নেই। আইসিটি আইনটি সংবিধান পরিপন্থি নয় বলেও মন্তব্য করেন তিনি। সচিবালয়ে গতকাল ২৩ আগস্ট রোববার সম্প্রতি বিএনপি চেয়ারপারসন বেগম খালেদা জিয়ার দেওয়া একটি বক্তব্যের প্রতিবাদ জানাতে ডাকা সংবাদ সম্মেলনে এই মন্তব্য করেন তথ্যমন্ত্রী। সূত্র-ইত্তেফাক (শেষ পৃ.,ক.২), সংবাদ (শেষ পৃ.,ক.৭), প্রথম আলো (পৃ.২,ক.৮), নিউজ টুডে (শেষ পৃ.,ক.২), ইন্ডিপেনডেন্ট (পৃ.১,ক.১)।

৫। আইনশৃঙ্খলার হুমকি হলে জিরো টলারেন্স : আইজিপি

পুলিশের মহাপরিদর্শক (আইজিপি) এ কে এম শহীদুল হক বলেছেন, সন্ত্রাসীরা বিভিন্ন সময় বিভিন্ন প্রভাবশালী মহলের ছত্রছায়ায় থেকে বিভিন্ন রাজনৈতিক দলের নাম ব্যবহার করে লাভবান হয়। তারা যদি জননিরাপত্তা ও আইনশৃঙ্খলার জন্য হুমকি হয় তাহলে তখন তাদের 'জিরো টলারেন্স' দেখাতে হয়। সেই সন্ত্রাসী কোন দলের তা বিবেচনা করা হয় না। রাজধানীর মিরপুর পুলিশ স্টাফ কলেজে গতকাল ২৩ আগস্ট রোববার দুপুরে বাংলাদেশ পুলিশ ও ইন্টারপোলের সহায়তায় আয়োজিত 'ইন্টেলিজেন্স এনালাইসিস ফর টাইগার রেঞ্জ কান্ট্রিজ' আন্তর্জাতিক প্রশিক্ষণ কোর্সের উদ্বোধনী অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন। সূত্র ভোরের কাগজ (পৃ.২,ক.৫), সংবাদ (পৃ.১,ক.৮), জনকণ্ঠ (পৃ.১,ক.৫), ডেইলি স্টার (পৃ.১,ক.৮)।

৬। চিকিৎসার জন্য লন্ডনের উদ্দেশে রাষ্ট্রপতির ঢাকা ত্যাগ

রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ স্বাস্থ্য পরীক্ষার জন্য গতকাল ২৩ আগস্ট রোববার সকালে লন্ডনের উদ্দেশে ঢাকা ত্যাগ করেছেন। রাষ্ট্রপতিকে বহনকারী এমিরেটস এয়ারলাইন্সের একটি বিমান সকাল সোয়া দশটায় হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর ত্যাগ করে। অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত, কৃষিমন্ত্রী মতিয়া চৌধুরী, কূটনৈতিক কোরের ডিন, কেবিনেট সচিব, তিন বাহিনীর প্রধানগণ রাষ্ট্রপতিকে বিদায় জানান। সূত্র-জনকণ্ঠ (পৃ.৩,ক.৮), সমকাল (পৃ.১৯,ক.৬), ইন্ডিপেনডেন্ট (পৃ.২,ক.১)।

৭। জঙ্গি অর্থায়নে স্বীকারোক্তি তিন আইনজীবীর

জঙ্গি সংগঠন শহীদ হামজা ব্রিগেডের শীর্ষ নেতা মনিরুজ্জামান মাসুদ ওরফে ডনের অ্যাকাউন্টে চার ধাপে এক কোটি আট লাখ টাকা দেওয়ার কথা স্বীকার করে গতকাল ২৩ আগস্ট রোববার বাঁশখালীর আদালতে ১৬৪ ধারায় জবানবন্দি দিয়েছেন ঢাকায় গ্রেফতার তিন আইনজীবী। এ টাকার উৎস সম্পর্কেও কথা বলেছেন তারা। তাদের জবানবন্দিতে নতুন ক্লুও পেয়েছে র‍্যাব। আলোচনায় নতুন করে আসছে হেফাজতে ইসলামের নামও। হেফাজতের মামলা পরিচালনার টাকা কেন জঙ্গি সংগঠন শহীদ হামজা ব্রিগেডের অ্যাকাউন্টে গেল, হেফাজতের সঙ্গে এ সংগঠনের কারা কীভাবে যোগাযোগ রক্ষা করত-নতুন এসব প্রশ্ন উঠে আসছে জবানবন্দি থেকেই। জবানবন্দি শেষে তিন আইনজীবীকে চট্টগ্রাম কারাগারে পাঠানো হয়েছে। সূত্র-সমকাল (পৃ.১,ক.১), প্রথম আলো (পৃ.১,ক.৩), জনকণ্ঠ (পৃ.১,ক.৪), ডেইলি স্টার (শেষ পৃ.ক.১), ডেইলি সান (পৃ.১,ক.৫)। ইত্তেফাক, সমকাল, যুগান্তর এ বিষয়ে লিড

নিউজ ছেপেছে।

৮। জাপান-বাংলাদেশে আরও বিনিয়োগে আগ্রহী

জাপানের নতুন রাষ্ট্রদূত মাসাতো ওয়াতানাবে বলেছেন, বিদেশি বিনিয়োগের জন্য বাংলাদেশের আকর্ষণীয় সুযোগ-সুবিধা ও উপযোগী পরিবেশের কথা বিবেচনা করে তার দেশের অনেক বিনিয়োগকারী এদেশে বিনিয়োগে খুবই আগ্রহী। প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে গতকাল ২৩ আগস্ট রোববার তার কার্যালয়ে সৌজন্য সাক্ষাৎ করতে গেলে রাষ্ট্রদূত বলেন, আগামীতে বাংলাদেশে জাপান থেকে আরও সরাসরি বিনিয়োগ আসবে। সূত্র- সংবাদ (শেষ পৃ.,ক.৫), প্রথম আলো (পৃ.২,ক.৪), ডেইলি স্টার(পৃ.৪,ক.১), বাংলাদেশ টুডে (শেষ পৃ.৫)

৯। হযরত শাহজালাল (রহ.) আন্তর্জাতিক বিমানবন্দরে দুই কোটি টাকার ওষুধ জব্দ

হযরত শাহজালাল (রহ.) আন্তর্জাতিক বিমানবন্দরে গতকাল ২৩ আগস্ট রোববার মিথ্যা ঘোষণা দিয়ে আমদানি করা ওষুধ জব্দ করেছে কাস্টমস হাউসের প্রিভেনটিভ ইউনিট। উচ্চমূল্যের এসব ওষুধ 'ফুড সাপ্লিমেন্ট' ঘোষণা দিয়ে নিয়ে আসে ধানমণ্ডির এম আলী ট্রেডিং কর্পোরেশনসহ দুটি প্রতিষ্ঠান। সূত্র-যুগান্তর (পৃ.২,ক.২), জনকণ্ঠ (পৃ.২,ক.৮)।

১০। ভূমির প্রতিটি ধাপে দুর্নীতি ঃ টিআইবির গবেষণা প্রতিবেদন

ভূমি ব্যবস্থাপনা খাত যেন ঘুষের হাট। এর প্রতিটি ধাপে অনিয়ম, দুর্নীতি, হয়রানি চলছে অবাধে। ভূমি মন্ত্রণালয়ের দপ্তর, অধিদপ্তর ও গ্রামাঞ্চলের অফিসে সেবা নিতে এসে ঘুষ দিতে হচ্ছে সব স্তরের জমির মালিককে। এর মধ্যে নামজারির ক্ষেত্রে দিতে হচ্ছে ৩ হাজার থেকে ২ লাখ টাকা। হাট-বাজার ইজারা পেতে সর্বোচ্চ ২০ লাখ টাকা পর্যন্ত ঘুষ দিতে হচ্ছে। রাজনৈতিক চাপ প্রাতিষ্ঠানিক দুর্বলতা, কর্মকর্তা-কর্মচারীদের অসততার কারণে জমির মালিকরা প্রতিনিয়ত ন্যায্য সেবা থেকে বঞ্চিত হচ্ছেন। ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশের (টিআইবি) 'ভূমি ব্যবস্থাপনা ও সেবা কার্যক্রম ঃ সুশাসনের চ্যালেঞ্জ ও উত্তরণের উপায়' শীর্ষক এক গবেষণা প্রতিবেদনে ওই চিত্র তুলে ধরা হয়। সূত্র- সমকাল (পৃ.১,ক.৬), প্রথম আলো (পৃ.৩,ক.২), যুগান্তর (পৃ.১,ক.৫)। সংবাদ, ডেইলি স্টার এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

১১। উত্তরাঞ্চলে বন্যা পরিস্থিতির অবনতি ঃ বিপদসীমার উপরে নদ-নদীর পানি

উত্তরাঞ্চলে বন্যা পরিস্থিতির আরও অবনতি হয়েছে। বাড়ছে নদ-নদীর পানি। জামালপুরে সিরাজগঞ্জ যমুনা নদীতে বিপদসীমার উপর দিয়ে পানি প্রবাহিত হচ্ছে। শিবচরে আড়িয়ালখাঁ নদীর পানি বৃদ্ধি পাওয়ায় ঢাকা-খুলনা মহাসড়ক রক্ষাবাঁধ নদীগর্ভে বিলীন। কুড়িগ্রামে ব্রহ্মপুত্র ও ধরলা নদীর পানি বিপদসীমার ওপরে। লাখ লাখ মানুষ পানিবন্দী। আশ্রয়, খাদ্য ও বিশুদ্ধ পানির সন্ধানে গ্রামবাসী অন্যত্র সরে যাচ্ছে। সূত্র- সংবাদ (পৃ.১,ক.৫), ইনকিলাব (শেষ পৃ.,ক.১), নিউজ টুডে (শেষ পৃ.,ক.৬), নিউ নেশন (পৃ.১,ক.৭)

### সম্পাদকীয়

ক. প্রথম আলো, ডেইলি স্টার : জাতীয় মহাসড়কে তিন চাকার অটোরিকশা বন্ধ করার সিদ্ধান্তের কারণে মহাসড়কে দুর্ঘটনা কমে যাবে আশা প্রকাশ করে যাতায়াতের বিকল্প ব্যবস্থা করে পুলিশকে ধৈর্য্য সহকারে আইনি উপায়ে সিদ্ধান্ত কার্যকর করার ওপর গুরুত্বারোপ;

খ. ইত্তেফাক : উচ্চ মাধ্যমিক পর্যায়ের বাংলা ও ইংরেজি পাঠ্য বই বের হওয়ার আগেই একশ্রেণির অসাধু পুস্তক ব্যবসায়ী বোর্ডের বইয়ের পাণ্ডুলিপি ভিন্ন পন্থায় সংগ্রহ করে অনুমোদন ছাড়া বই ছেপে বাজারজাত করার অভিযোগ তদন্ত করে যথাযথ পদক্ষেপ নেওয়ার সুপারিশ;

গ. জনকণ্ঠ : দেশে স্কুল শিক্ষার্থীদের সঞ্চয়ের অভ্যাস গড়ে তুলতে সরকারের স্কুল ব্যাংকিং কার্যক্রমের সফলতা কামনা;

ঘ. সংবাদ : ঢাকা উত্তর ও দক্ষিণ সিটি করপোরেশনসহ অন্যান্য সিটি করপোরেশনের নারী কাউন্সিলরগণ বৈষম্যের শিকার হওয়ায় নির্বাচনের তিন মাস পেরোলেও কোন কাজের দায়িত্ব তারা পাননি উল্লেখ করে বৈষম্য সৃষ্টি করা আইনের পরিবর্তনের সুপারিশ;

ঙ. ইনকিলাব : প্রকল্পের টাকায় সরকারি কর্মকর্তাদের বিদেশ ভ্রমণের ব্যাপারে সরকারের তত্ত্বাবধান ও নজরদারি বাড়ানোর ওপর গুরুত্বারোপ;

চ. ডেইলি স্টার : দুর্নীতি দমন কমিশনে মানি লন্ডারিং সংক্রান্ত মামলাগুলোর নিষ্পত্তিতে আশানুরূপ অগ্রগতি না হওয়ায় এ ব্যাপারে জরুরি ভিত্তিতে পদক্ষেপ নেওয়ার সুপারিশ;

ছ. ইন্ডিপেনডেন্ট : বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে পিএইচডি ডিগ্রির মতো ডিগ্রি ৪ থেকে ৭ লাখ টাকার বিনিময়ে পাওয়া যাওয়ার খবরে উদ্বেগ প্রকাশ করে বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন ও শিক্ষা মন্ত্রণালয়কে এ ব্যাপারে কঠোর পদক্ষেপ গ্রহণের আহ্বান;

জ. ডেইলি সান : নারী ও শিশুদের হয়রানি, লাঞ্ছনা, শারীরিক নির্যাতন ও খুনের ঘটনা সংক্রান্ত মামলাগুলো জরুরি ভিত্তিতে দ্রুত নিষ্পত্তির ওপর গুরুত্বারোপ;

ঝ. নিউজ টুডে : দারিদ্র্য বিমোচনের সরকারি ফান্ডের অর্থের 'মধ্যপথে' অপচয় প্রতিরোধে সরকারি সামাজিক

নিরাপত্তা প্রোগ্রামগুলো বৃদ্ধির আহ্বান;

ক্. নিউ নেশন : মালয়েশিয়ায় কর্মরত বাংলাদেশি শ্রমিকদের মৃত্যুর ঘটনা বৃদ্ধি পাওয়ায় কর্ম পরিবেশে নিরাপত্তামূলক ব্যবস্থা জোরদার করার ব্যবস্থা গ্রহণে রিক্রুটিং এজেন্সির প্রতি আহ্বান জানিয়ে সম্পাদকীয় প্রকাশ করেছে।

উপ-সম্পাদকীয়

জনকণ্ঠ পত্রিকায় প্রকাশিত কলামে বঙ্গবন্ধুর সৃষ্ট দেশটাকে তাঁর স্বপ্নের সোনার বাংলায় পরিণত করতে তাঁর হত্যার পেছনে রাজনৈতিক সম্পৃক্ততার ষড়যন্ত্র উদঘাটন প্রয়োজন বলে উল্লেখ করা হয়েছে।

নিবন্ধ ও ফিচার

ইত্তেফাক পত্রিকায় প্রকাশিত 'নারী ও শিশু নির্যাতন আর কতকাল চলবে' শিরোনামের নিবন্ধে মনজু আরা বেগম নারী ও শিশু নির্যাতন বন্ধ করার জন্য সময়ক্ষেপণ না করে অপরাধীদের দ্রুত বিচারের আওতায় এনে কঠোর শাস্তির ব্যবস্থা করতে হবে। যা এখন সময়ের দাবি বলে অভিমত প্রকাশ করেছেন।

#

ফারহানা/ফাহিমা/মরজিনা/সাঈদা/নজরুল/২০১৫/৯.০০ ঘণ্টা